Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে মাঘ বুধবার ১৩৬৪ ইংরাজী 5th Feb. 1958 { ৩৭শ সংখ্যা

১৬ই মাঘ ১৮৭৯ শকাব্দ





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে মাঘ বুধবার সন ১৩৬৪ সাল।

# দক্ষিণ ভারতীয়দের উপর হিন্দী চাপানো চলিবে না

## মাদ্রাজের জনসভায় ভাষণ প্রসঙ্গে রাজাজীর সতর্কবাণী

### হিন্দী প্রবর্ত্তনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ অভিযানের আহ্বান

—•—

মাদ্রাজে গত ৩১শে জানুয়ারী—প্রবীণ রাজনীতিজ্ঞ শ্রী সি রাজাগোপালাচারী দল ও মত নির্ব্বিশেষে মাদ্রাজের জনগণের প্রতি এই আহ্বান জ্ঞাপন করেন যে, তাঁহারা যেন 'দক্ষিণ ভারতে হিন্দী চাপাইবার প্রচেষ্টা'র বিরুদ্ধে ঐক্যবদ্ধ অভিযান চালান। রাজাজীর মতে দক্ষিণ ভারতীয়দের পক্ষে আসন্ন বিপদ হইতেছে হিন্দী এবং কংগ্রেসের গৌহাটি অধিবেশনের প্রস্তাব অনুসারে একবার যদি উহা প্রবর্ত্তনের সক্রিয় ব্যবস্থা অবলম্বিত হয়, তাহা হইলে উহাকে আর বাধা দেওয়া যাইবে না।

এখানে ইউনিয়ন ভাষা সম্মেলনের উদ্যোগে অনুষ্ঠিত এক জনসভায় ভাষণ প্রসঙ্গে শ্রীরাজাগোপালাচারী উপরোক্ত অভিমত প্রকাশ করেন। ভাষার প্রশ্নে মাদ্রাজ সরকার তাঁহাদের স্মারক-লিপিতে যে আপোষ প্রস্তাব করিয়াছেন, তিনি উহার সমালোচনা করেন। তিনি বলেন যে, আপোষের কথা যদি উঠে, তাহা হইলে যে কয়টি রাষ্ট্র ইংরেজীকে সরকারী ভাষা হিসাবে রাখিতে চায়, সেখানে সেই সুযোগ দিতে হইবে। অবশিষ্ট রাজ্যগুলি যদি ইংরেজীর স্থলে হিন্দী চায়, তাহা হইলে তাহারা তাহা করিতে পারে কাজ চালাইবার জন্য কেন্দ্রীয় সরকারকেই এই ব্যবস্থাটি করিতে হইবে। তিনি স্পষ্ট বলেন যে, সংখ্যাধিক্যের শাসন-ব্যবস্থায় সংখ্যালঘুদের অধিকার উপেক্ষিত হইলে চলিবে না। প্রসঙ্গক্রমে রাজাজী বলেন যে, কংগ্রেসের গৌহাটি অধিবেশনে দক্ষিণ ভারতের নেতৃবৃন্দ দক্ষিণ ভারতে হিন্দীর যে বিরোধিতা জ্ঞাপন করা হইতেছে। তদ্বিষয়ে উত্তর ভারতের জনগণকে 'বিভ্রান্ত' করিয়াছেন। তাঁহারা বুঝাইতে চাহিয়াছেন যে, হিন্দী শিক্ষার জন্য সময়ের মেয়াদ সম্প্রসারিত যাহাতে হয় আন্দোলনের লক্ষ্য উহাই। কিন্তু আসলে ইহা সত্য নহে। দক্ষিণ ভারতের জনগণ আদৌ হিন্দী শিখিতে চাহেন না; পরন্তু সরকারী ভাষা হিসাবে ইংরেজীই চালু থাকুক, ইহাই তাঁহাদের দাবী। রাজাজী কেন্দ্রীয় সরকারের নিকট শাসনতন্ত্রের যে ধারাটিতে (১নং ধারা) হিন্দীকে ভারতের সর্ব্বত্র সরকারী ভাষা করার ব্যবস্থা রহিয়াছে, উহা প্রত্যাহারের আবেদন জানান। তিনি এই সতর্কবাণী করেন যে, দক্ষিণ ভারতের জনগণের উপর জোর করিয়া যদি হিন্দী চাপান হয়, তাহা হইলে পৃথক তামিলনাদের উদ্যোক্তাদের শক্তিই বৃদ্ধি করিবে মাত্র। সুতরাং ভারতের ঐক্যের নামে তিনি কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারকে হিন্দী প্রবর্ত্তন স্থগিত এবং দক্ষিণ ভারতে ইংরেজী চালু রাখার জন্য আবেদন জ্ঞাপন করিতেছেন।

---

## চাঁদের দেশে চাস্ কি যেতে

(র স র চ না)

॥ সু-মো-দে ॥

চাঁদের দেশে চাস্ কি যেতে
　　দেখ্‌রে ভেবে মন,
ভাত কাপড়ের অভাব সেথা
　　নাইরে বিলক্ষণ।

যখন তখন জাগলে ক্ষুধা
পান করিবি চাঁদের সুধা,
সুস্থ দেহ খোসমেজাজে
　　থাকবি রে মগন,
চাঁদের দেশে চাস্ কি যেতে
　　দেখ্‌রে ভেবে মন।

পাওনাদারের রেহাই পাবি
চাঁদের দেশে নাই অভাবী,
বংশরোধের প্রশ্ন সেথাও
　　নাইরে প্রয়োজন,
চাঁদের দেশে চাস্ কি যেতে
　　দেখ্‌রে ভেবে মন।

---

## প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশে রাষ্ট্রপতির বেতার ভাষণ

—•—

প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি জাতির উদ্দেশে বেতারযোগে বলেন, সার্বভৌম প্রজাতন্ত্র হিসাবে আজ আমরা আট বৎসর পূর্ণ করিয়া নবীন আশা ও উদ্দীপনার সহিত নবম বর্ষে পদার্পণ করিলাম। এই দিনে প্রত্যেক ভারতীয় নাগরিকের উচিত জাতির সেবার শপথ গ্রহণ করা এবং আমাদের স্বপ্নের ভারত গঠনে তাহার শক্তি উৎসর্গের জন্য পুনরায় সঙ্কল্প লওয়া।

তিনি বলেন, এই দশ বৎসরে আমাদের জীবনের প্রধান বৈশিষ্ট্য হইল—আমরা আমাদের আর্থিক অবস্থা পুনরুন্নয়নের জন্য, আমাদের সামাজিক অবস্থা উন্নত করার জন্য এবং আমাদের সাংস্কৃতিক জীবন সমৃদ্ধ করার জন্য জাতিগতভাবে সম্মিলিত চেষ্টা করিয়া আসিয়াছি।

খাদ্যের দিক দিয়া স্বাবলম্বী হওয়াই আমাদের প্রধান প্রয়োজন। এ বিষয়ে আমরা স্বাবলম্বী না হইলে আমাদের অন্যান্য পরিকল্পনা জনসাধারণের আস্থা প্রায়ই অর্জন করিতে পারিবে না। এই কার্য্যে প্রত্যেক ভারতীয়েরই আত্মনিয়োগ করা উচিত। যে সকল ব্যক্তি কৃষি কার্য্যে নিযুক্ত আছে তাহাদের উচিত জমিতে যথাসম্ভব অধিক শস্য উৎপাদনের জন্য প্রাণপণ চেষ্টা করা। আমার বিশ্বাস—আমরা শ্রমসহকারে বুদ্ধিমানের মত কাজ করিলে কৃষিজাত দ্রব্যের উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পাইবে।

আমি আমার দেশবাসীর নিকট এই আবেদন জানাইতেছি যে, তাঁহারা যেন বিশ্ব-পরিস্থিতি সম্পর্কিত সকল বিষয়ে এবং সেগুলির সহিত সামঞ্জস্য বিধানের সম্বন্ধে সচেতন থাকেন। বিশ্বে বিজ্ঞান

ও অন্যান্য জ্ঞানের ক্ষেত্রে এখন বহু গুরুত্বপূর্ণ ঘটনা ঘটিতেছে।

নূতন নূতন বিশাল পথ খুলিয়া যাইতেছে এবং মানুষের হাতে জ্ঞান ও সম্পদ আসিয়া পড়িতেছে। মানুষ যদি মানব সমাজের কোন বিশেষ অংশের জন্য নয়, সামগ্রিক কল্যাণের জন্য ঠিকভাবে এ' জ্ঞান ও সম্পদ সদ্ব্যবহার করিতে শিখে, তাহা হইলে সমগ্র বিশ্বে তাহার বস্তুসম্পদ অপ্রত্যাশিতরূপে বৃদ্ধি পাইবে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## মন্ত্রীগিরি

( রস-গীতি )

॥ সু-মো-দে ॥

দেমা আমায় মন্ত্রীগিরি
শীর্ণ উদর স্ফীত হবে মা
বদলে যাবে মুখের ছিরি।
মাসে টাকা হাজার আড়াই
উপরি পাবো তার সীমা নাই,
টি-এ বিলে মারবো মোটা
অকারণে ঘুরিফিরি।
লাইসেন্সি পারমিটদার
মেয়ের বিয়ের নেবে ভার,
উপোসী ছারপোকা সম
শুষবো রক্ত বক্ষ চিরি।
বার্ষিক রাজস্বের টাকা
লুটেপুটে করব ফাঁকা,
পাঁচবছরে করব শ্মশান
নাচবে দেশে অশরীরী।
দেমা আমায় মন্ত্রীগিরি॥

---

## বাসোপযোগী ভিটা

রঘুনাথগঞ্জ চাউলপটীতে সদর রাস্তার ধারে ভদ্রপল্লীতে ১১ শতক পরিমাণ যায়গা বিক্রয় হইবে। নিম্নঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায়
রঘুনাথগঞ্জ চাউলপটী।

---

## সিমেণ্টের বিক্রয় লাইসেন্সের পুনর্গ্রহণ

পশ্চিমবঙ্গ সিমেণ্ট নিয়ন্ত্রণ আইন, ১৯৪৮ অনুসারে প্রদত্ত চলিত বিক্রেতা লাইসেন্স-এর মেয়াদ ১৯৫৭ সালের ৩১শে মার্চ্চ শেষ হইবার কথা, এগুলির পুনর্গ্রহণের জন্য আবেদন ১৯৫৮ সালের ৩১শে মার্চ্চ অথবা তাহার পূর্ব্বে প্রেরণ করিতে হইবে।

কলিকাতা ও জেলাগুলিতে লাইসেন্সধারীরা পুরাতন লাইসেন্স সহ যথাবিহিত ফর্ম্মে তাহাদের দরখাস্ত যথাক্রমে যোগ্যপণ্যের অধিকর্তা খাদ্য, ত্রাণ ও সরবরাহ বিভাগ ( সরবরাহ দপ্তর ) ১১এ, ফ্রি স্কুল ষ্ট্রীট, কলিকাতা এবং স্থানীয় মহকুমা নিয়ামক ( খাদ্য ও সরবরাহ ) এর নিকট প্রেরণ করিতে হইবে। প্রত্যেকটি লাইসেন্সের দরখাস্তের সঙ্গে ননজুডিসিয়াল ষ্ট্যাম্পে ৫০ টাকার ফি দিতে হইবে।

উপরোক্ত অফিসগুলি হইতে নির্দ্দিষ্ট ফর্ম্ম পাওয়া যাইবে। —প্রেসনোট

---

## টেণ্ডার আহ্বান

রঘুনাথগঞ্জ থানার অধীন জামুয়ার ইউনিয়ন বোর্ডের রাস্তায় ৪টা কালভার্ট ১৫।৩।৫৮ তারিখ মধ্যে নির্ম্মাণ শেষ করার জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। বিস্তৃত বিবরণ বোর্ড অফিসে জ্ঞাত হইয়া আগামী ৮।২।৫৮ তারিখ মধ্যে টেণ্ডার দাখিল করিতে হইবে।

K. P. Chakrabertty
President.

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৩৮ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং ভগবতীচরণ রায় দাবি ৫৭ টাকা ৩৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৯০ শতকের কাত ৭॥৪ আঃ ১৫৲ থং ২০৫ স্থিতিবান স্বত্ব

২৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩ টাকা ১৪ নঃ পঃ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ৭॥৪ আঃ ১৫৲ থং ২০৫ ঐ স্বত্ব

২৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১ টাকা ১৩ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৫৯ শতকের কাত ১৯৮৩৮ তন্মধ্যে ৩৭ শতকের কাত গরভা মত ১।০ আঃ ১৫৲ থং ২০৯ ঐ স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৭ই ফেব্রুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

৬ মনি ডিঃ দুলালচন্দ্র মণ্ডল মৃতান্তে ওয়ারিশ যতীন্দ্রনাথ মণ্ডল দিং দেং সুবাসিনী দাসী সহ স্বামী কার্ত্তিকচন্দ্র মণ্ডল দাবি ৬২৯ টাকা ৮ নঃ পঃ থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ২৫ শতকের কাত ॥/০ আঃ ৫০৲ থং ৪৪৭ রায়ত স্থিতিবান স্বত্ব; ২নং লাট মৌজাদি ঐ ৬ শতকের কাত ।৶৬ আঃ ৫০৲ থং ৮৭৫; ৩নং লাট মৌজাদি ঐ ৬২ শতকের কাত ।/৪ আঃ ১০০৲ থং ৬৪০ মোকররী স্বত্ব; ৪নং লাট থানা ঐ মৌজে পুরান চণ্ডীপুর ৪৩ শতকের কাত ।/০ আঃ ১৫০৲ থং ৩১৫ ঐ স্বত্ব; ৫নং লাট মৌজাদি ঐ ২০ শতকের কাত ।০ আঃ ৫০৲ থং ৬৫ ঐ স্বত্ব

৮৯ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং রঘুনাথ সাঁওতাল দিং দাবি ৪৩ টাকা ৩১ নঃ পঃ থানা ফরক্কা মৌজে বাহাদুরপুর ৬-২৬ শতকের কাত ৮৻৩ আঃ ৩০৲ রায়ত স্থিতিবান

৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২ টাকা ৩১ নঃ পঃ মৌজাদি ঐ ৩৭৬ শতকের কাত ৫৶৩ আঃ ২৫৲ ঐ স্বত্ব

৯২ থাং ডিঃ ঐ দেং জটা মাঝি দিং দাবি ৪৫ টাকা ৫০ নঃ পঃ থানা ঐ মৌজে লক্ষ্মীপুর ১৪০ শতকের কাত ৮।৶৬ আঃ ৪০৲ ঐ স্বত্ব

---

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ বাজারপাড়ায় ভদ্রপল্লীতে সদর রাস্তার উপর ছয়খানি ঘরসহ একখানি পোক্তা দ্বিতল বাড়ী বিক্রয় হইবে। নিম্নঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীজ্ঞানেন্দ্রভূষণ গুপ্ত, উকিল
অথবা শ্রীরামপদ চন্দ্র, রঘুনাথগঞ্জ।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪৩৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত